



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৬-০৯-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের কার্যনির্বাহী কমিটির গত ১৭-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত ৪র্থ নিয়মিত সভার মূলতবীকৃত সভা অদ্য ১৬-০৯-২০২১ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাফুফের সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দীন।

অদ্যকার সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ১। ফিফার নির্দেশনা মোতাবেক বাফুফে গঠনতন্ত্র পরিবর্তনের বিষয়ে ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হবে যাহারা সংশ্লিষ্ট বিষয়ে ফিফার সহিত প্রয়োজনীয় কার্যাদি সম্পাদন করবেন।
- ২। বাফুফের বার্ষিক সাধারণ সভা আগামী ৩০ অক্টোবর ২০২১ এর মধ্যে আয়োজন করা হবে।
- ৩। আসন্ন ২০২১-২২ ফুটবল মৌসুম 'স্বাধীনতা কাপ ২০২১' এর মাধ্যমে নভেম্বর ২০২১ এর শেষ সপ্তাহ হতে শুরু হবে এবং পরবর্তীতে 'ফেডারেশন কাপ ২০২১' অনুষ্ঠিত হবে। জানুয়ারী ২০২২ এর প্রথম সপ্তাহ হতে 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২১-২২' এর খেলা শুরু হবে।
- ৪। ঢাকা মহানগরী ফুটবল লীগ কমিটির আওতাধীন ১ম বিভাগ ফুটবল লীগ, ২য় বিভাগ ফুটবল লীগ ও ৩য় বিভাগ ফুটবল লীগসমূহের অর্থাৎ ৩টি লীগের পরিবর্তে সংশ্লিষ্ট দলসমূহের অংশগ্রহণে ২টি ফুটবল লীগ আয়োজন করা হবে।

খালিদ মাহমুদ নওমী
এক্সিকিউটিভ-মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।